

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৮১৪

৬৩/ আনসারগণ [রাযিয়াল্লাহু 'আনহুম]-এর মর্যাদা (كتاب مناقب الأنصار)

পরিচ্ছেদঃ ৬৩/১৯. 'আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ)-এর মর্যাদা।

بَابُ مَنَاقِبُ عَبْدِ اللهِ بْنِ سَلَام رَضِيَ اللهُ عَنْهُ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَعِيْدِ بْنِ أَبِيْ بُرْدَةَ عَنْ أَبِيْهِ أَتَيْتُ الْمَدِيْنَةَ فَلَقِيْتُ عَبْدَ اللهِ بْنَ سَلَامٍ فَقَالَ أَلَا تَجِيءُ فَأُطْعِمَكَ سَوِيْقًا وَتَمْرًا وَتَدْخُلَ فِيْ بَيْتٍ ثُمَّ قَالَ إِنَّكَ بِأَرْضِ الرِّبَا بِهَا فَاشٍ إِذَا كَانَ لَكَ عَلَى رَجُلٍ حَقُّ فَأَهْدَى إِلَيْكَ حِمْلَ تِبْنِ أَنْ حِمْلَ شُعْبَةَ شَعِيْرٍ أَنْ حَمْلَ قَتٍ فَلَا تَأْخُذُهُ فَإِنَّهُ رِبًا وَلَمْ يَذْكُرِ النَّضِرُ وَأَبُنْ دَاؤُدَ وَوَهْبٌ عَنْ شُعْبَةَ الْبَيْتَ

বাংলা

৩৮১৪. আবৃ বুরদাহ (রহ.) বলেন, আমি মদিন্য় গেলাম; আবদুল্লাহ ইবনু সালামের সাথে আমার দেখা হল। তিনি আমাকে বললেন, তুমি আমাদের এখানে আসবে না? তোমাকে আমি খেজুর ও ছাতু খেতে দেব এবং একটি ঘরে থাকতে দেব। অতঃপর তিনি বললেন, তুমি এমন স্থানে (ইরাকে) বসবাস কর, যেখানে সুদের কারবার খুব ব্যাপক। যখন কোন মানুষের নিকট তোমার কোন প্রাপ্য থাকে আর সেই মানুষটি যদি তোমাকে কিছু ঘাস, খড় অথবা খড়ের ন্যায় সামান্য কিছুও হাদীয়া পেশ করে তার কাছ থেকে তা গ্রহণ করো না, যেহেতু তা সুদের অন্তর্ভুক্ত। নায় (রাঃ), আবৃ দাউদ (রহ.) ও ওয়াহাব (রহ.) শু'বাহ্ (রহ.) হতে الْبَيْتُ শব্দটি বর্ণনা করেননি। (৭৩৪২) (আধুনিক প্রকাশনীঃ ৩৫৩২, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৫৩৯)

English

Narrated Abu Burda:

When I came to Medina. I met `Abdullah bin Salam. He said, "Will you come to me so that I may serve you with Sawiq (i.e. powdered barley) and dates, and let you enter a (blessed) house that in which the Prophet () entered?" Then he added, "You are In a country where the practice of Riba (i.e. usury)



is prevalent; so if somebody owe you something and he sends you a present of a load of chopped straw or a load of barley or a load of provender then do not take it, as it is Riba."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন